



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১.৮

তারিখ:

০৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরে ট্রাস্টের পিএইচডি কোর্সে ফেলোশিপের জন্য আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় দেশের অভ্যন্তরীণ সরকারী বিশ্ববিদ্যালয়সমূহে উচ্চতর শিক্ষায় (পিএইচডি) ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক) গবেষণার অধিক্ষেত্র :

ক্রমিক	গবেষণার অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	কলা ও মানবিক (Arts & Humanities)
৩.	ব্যবসায় শিক্ষা (Business Studies)
৪.	সমুদ্র বিজ্ঞান (Marine Science)
৫.	আইন (Law)
৬.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৭.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology)
৮.	বিজ্ঞান (Science)
৯.	জীব বিজ্ঞান (Biological Science)
১০.	শিক্ষা ও উন্নয়ন (Education & Development)
১১.	চিকিৎসা (Medicine)
১২.	চারুকলা (Fine Arts)
১৩.	কৃষি বিজ্ঞান (Agricultural Science)
১৪.	মাদরাসা শিক্ষা (Madrasha Education)

খ) আবেদনের নিয়ম ও শর্তাবলি:

- ২০২১-২২ অর্থবছরে ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকায় বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক আবেদনকারীকে কেবলমাত্র অনলাইনের মাধ্যমে (www.eservice.pmeat.gov.bd/mnp) আবেদন করবেন।
- আগামী ২৮ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন আবেদন গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ (জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০) থাকতে হবে। বৃত্তির জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।
- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি (সনদ ও মার্কশিট) ও পিএইচ.ডি. রেজিস্ট্রেশন নম্বরের কপি সংযোজন করতে হবে।
- প্রার্থীগণ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।
- কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- যে কোন প্রয়োজনে নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

হট লাইন: 01778958356
01778964156

২১.০৬.২০২২
(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯১২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd